…ক সংবাদ

33

1 MAY 1987
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা... ... ... ... ... ...

১৭ বৈশাখ ১৩৯৪

# বিশ্ববিদ্যালয় সংক্রান্ত সংসদীয় কমিটির বৈঠক অনুষ্ঠিত

বিশ্ববিদ্যালয়-সংক্রান্ত বিশেষ সংসদীয় কমিটির প্রথম বৈঠক গতকাল বুধবার জাতীয় সংসদ ভবনের কমিটি রুমে উপ-প্রধানমন্ত্রী অধ্যাপক এম, এ মতিনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। তিনি এ কমিটির আহ্বায়ক।

তথ্য বিবরণীর বরাত দিয়ে বাসস জানায়, শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান, শিক্ষা উপমন্ত্রী গোলাম সারওয়ার, সংসদ সদস্য মোহাম্মদ আয়েনউদ্দিন, মোহাম্মদ ফরহাদ, মেজর (অব:) হাফিজউদ্দিন আহমদ, সৈয়দ আলতাফ হোসেন এবং মিজানুর রহমান আলোচনায় অংশ নেন।

সংসদ সদস্য কর্নেল (অব:) এম,এ মালেক, এস,এম কায়সার, সৈয়দ আবু হোসেন, মোহাম্মদ আলী, তাজুল ইসলাম চৌধুরী, মীর্জা সুলতান রাজা, অধ্যক্ষ আবুল কালাম মজুমদার, মিসেস পারভীন মনোয়ার এবং মিসেস মমতা ওহাব বৈঠকে উপস্থিত ছিলেন।

সংসদের তৃতীয় অধিবেশন চলাকালে বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সব ধরনের সন্ত্রাসী তৎপরতা থেকে মুক্ত করা, সেশন জটের অবসান, বিশ্ববিদ্যালয় চত্বরকে বহিরাগত ও অছাত্রমুক্ত করা এবং বিস্ফোরক সংক্রান্ত পুরোনো আইন সংশোধনের ব্যাপারে সকল রাজনৈতিক দলের মধ্যে ঐকমত্যের প্রেক্ষিতে এই বিশেষ কমিটি গঠিত হয়।

বিষয়সমূহের চুলচেরা আলোচনার পর কমিটির সদস্যগণ সর্বসম্মত সিদ্ধান্তে উপনীত হন যে,

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## সংসদীয় কমিটির বৈঠক

(১ম পাতার পর)

শিক্ষাঙ্গনে শান্তিপূর্ণ পরিবেশের ওপর জাতির উজ্জ্বলতর ভবিষ্যৎ বহুলাংশে নির্ভর করে। ছাত্ররা যাতে নিজেদেরকে দেশের যোগ্য নাগরিকরূপে গড়ে তুলতে পারে সে ব্যাপারে অবদান রাখার জন্য তারা সকল সচেতন নাগরিকের প্রতি আবেদন জানান। কমিটির পরবর্তী বৈঠকে প্রস্তাবসমূহ চূড়ান্ত করা হবে।